Registrar Office PUST <registraroffice@pust.ac.bd>

CALL FOR PAPER FOR THE JOURNAL OF BANGABANDHU FOUNDATION -2021

1 message

FARHANA AKTER <prof.farhanaakterbd@gmail.com> Sun, May 9, 2021 at 4:18 PM
To: vc@bsmrmu.edu.bd
Cc: FARHANA AKTER <prof.farhanaakterbd@gmail.com>
Bcc: registraroffice@pust.ac.bd

বঙ্গবন্ধু ফাউন্ডেশন জার্নাল: সম্মানিত লেখকদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, "বঙ্গবন্ধু ফাউন্ডেশন" কর্তৃক প্রকাশিত জার্নালের জন্য ইতিমধ্যে আমরা বেশকিছু Manuscript (পান্ডুলিপি) পেয়েছি যেগুলো সমপাদনামন্ডলী কর্তৃক রিভিউ ও যাচাই-বাছাই চলছে।

কিন্তু হঠাৎ করোনা-পরিস্থিতি অবনতি ও লেখকদের অনুরোধে Manuscript (পান্ডুলিপি) সাবমিশনের তারিখ ৩১শে মার্চ'২০২১ থেকে বাড়িয়ে ২৮জুন'২০২১ করা হলো। জার্নাল প্রকাশিত হওয়ার পর প্রত্যক লেখককে (কেবলমাত্র যাদের প্রবন্ধ ও গবেষণাধর্মী পেপার পাবলিশড হবে) আর্টিক্যাল পাবলিশড সংক্রান্ত একটি সার্টিফিকেট ও এক কপি জার্নাল সৌজন্য কপি হিসেবে প্রদান করা হবে।তবে এখানে বিশেষভাবে উল্লেখ থাকে যে, একটি পেপারে সর্বোচ্চ তিনজন লেখক তাদের গবেষণা, তথ্য-উপাত্ত ও বিষয়টি সম্পর্কে তাদের থট শেয়ার করে লিখতে পারবেন , তবে সেক্ষেত্রে পেপারের সঙ্গে তাদের আলাদা আলাদা সংক্ষিপ্ত বায়োগ্রাফি সংযুক্ত করে দিতে হবে এবং সেটি পাবলিশড হলে সার্টিফিকেটে তাদের তিনজনের নামই উল্লেখ থাকবে এবং একাডেমিক্যালি পেপারটি কোথাও সাবমিট করা হলে মূল পয়েন্ট সমান তিনভাগে বিভক্ত হবে অর্থাৎ সম্পূর্ন পেপারটিকে যদি 'তিন-পয়েন্ট' করে হিসেব করা হয় ,তাহলে প্রত্যক লেখকের ক্যারিয়ারে 'এক-পয়েন্ট' যোগ হবে। অপরদিকে যার পেপার 'একক-লেখক' হিসেবে পাবলিশড হবে, তিনি একাই সম্পূর্ন 'তিন-পয়েন্ট' ক্যারি করবেন : বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী অর্থাৎ গৌরবাজ্জ্বল ৫০ বছর পূর্তি উপলক্ষে "বঙ্গবন্ধু ফাউন্ডেশন জার্নাল (Volume-1),২০২১ " এ , রিসার্চ পেপার (মৌলিক গবেষণা) ও প্রবন্ধ পাবলিশডের জন্য আহবান (নির্দেশাবলি) :

বাংলাদেশ "বঙ্গবন্ধু ফাউন্ডেশন"এর কেন্দ্রীয় কমিটির অর্থায়নে বাংলাদেশের স্বাধীনতার গৌরাবজ্জ্বল ৫০ বছর পূর্তি উপলক্ষে "বঙ্গবন্ধু ফাউন্ডেশন জার্নাল" -বাংলাদেশের ভাষা-আন্দোলন ও স্বাধীনতা অর্জনের ইতিহাসে বাঙালি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমানের অবদান ও অমরকীর্তি, বাংলাদেশের অতীত ইতিহাস -ঐতিহ্য,শিক্ষা-সংস্কৃতি ইত্যাদি প্রেক্ষাপটকে সামনে রেখে নতুন প্রবন্ধ প্রকাশের জন্য

"বঙ্গবন্ধু ফাউন্ডেশন " - বাংলাদেশ ও ভারত এর বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক,গবেষক, লেখক, বুদ্ধিজীবি, ম্যাডিকেল কলেজ ও ম্যাডিক্যাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, ইঞ্জিনিয়ারিং কলেজ ও ইঞ্জিনিয়ারিং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, বিজ্ঞানী অথবা বৈজ্ঞানিক কর্মকর্তা, ব্যারিষ্টার অথবা এডভোকেট অথবা আইন-বিষয়ক উপদেষ্টা বা শিক্ষক , সাংবাদিকতা -বিভাগের শিক্ষক অথবা সিনিয়র সাংবাদিকদের কাছ থেকে বাংলাদেশের ইতিহাস-ঐতিহ্য,শিক্ষা- সংস্কৃতি, ভাষা আন্দোলন, স্বাধীনতা যুদ্ধ সম্পর্কিত বিষয়ে প্রবন্ধ ও মৌলিক গবেষনা পেপার (Manuscript) পাঠানোর জন্য আহবান জানাচ্ছে। বাংলা ও ইংরেজি উভয় মাধ্যমেই পেপার (Manuscript) গ্রহণ করা হবে।এটি একটি আন্তর্জাতিক মানের Peer Reviewed জার্নাল ,জার্নালটি বছরে দু'বার বের হবে এবং প্রতিটি পেপারে উপদেষ্টা মন্ডলী ও সম্পাদকমন্ডলীর কমেন্ট থাকবে যা পাবলিশড করা হবেনা। আগ্রহীদের প্রবন্ধ ও রিসার্চ পেপারসমূহ ই-মেইলে (Soft Copy [Soft Copyটি Ms-word & PDF -উভয় Format এ পাঠাতে হবে] with Two Hard Copies) অথবা ২টি Hard Copy এবং একটি Soft Copy [Soft Copyটি Ms-word & PDF -উভয় Format এ পাঠাতে হবে] CD আকারে ডাকযোগে পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে।প্রকাশিতব্য রিসার্চ পেপারসমূহের জন্য নিমনলিখিত শর্তগুলো অবশ্যই পালনীয় :

১. মূল পান্ডুলিপি (Manuscript) টি Normal Space এ এবং A4 সাইজ কাগজের একপাশে মুদ্রিত হতে হবে ;

২. রিসার্চ পেপার ও প্রবন্ধের সার-সংক্ষেপ (Abstract) অবশ্যই উল্লেখ করতে হবে সর্বোচ্চ ৩০০ শব্দের মধ্যে যেখানে সর্বোচ্চ ৮/১০ টি Keyword থাকবে এবং মূল লেখাটি সর্বোচ্চ-২০০০ শব্দ এবং সর্বনিম্ন ১০০০ শব্দের মধ্যে হতে হবে ;

৩.মূল পান্ডুলিপিতে লেখকের ঠিকানা ও সংক্ষিপ্ত বায়োগ্রাফি ব্যবহার না করে একটি আলাদা কাগজে রিসার্চ পেপার ও প্রবন্ধের শিরোনামসহ লেখকের ঠিকানা, সংক্ষিপ্ত বায়োগ্রাফি, ই-মেইল ও ফোন নাম্বার পাঠাতে হবে ;

৪. কেবলমাত্র সম্পাদক মন্ডলী কর্তৃক যাচাইকৃত রিসার্চ পেপার ও প্রবন্ধই প্রকাশের জন্য বিবেচিত হবে ;

৫. লেখকের প্রেরিত রিসার্চ পেপার ও প্রবন্ধ প্রকাশের অনুপযোগী হলে তা কখনই ফেরত পাঠানো হবে না ;

৬. রিসার্চ পেপার ও প্রবন্ধে প্রয়োজন অনুসারে সারণী,চিত্র ,গ্রাফ ও ভৌগলিক মানচিত্র ব্যবহার করা যাবে , তবে এক্ষেত্রে অবশ্যই তথ্যের উৎস উল্লেখ করতে হবে;

৭.সম্পাদকমন্ডলী কর্তৃক যে কোন রিসার্চ পেপার ও প্রবন্ধের শিরোনাম অথবা অন্য যে কোন অংশ সংযোজন,বিয়োজনের অধিকার সংরক্ষণ করে ।

৮. কোনো লেখকের একটি প্রবন্ধ কিংবা গবেষণা পত্রের Manuscript একের অধিক জায়গায় সাবমিট করা হলে সেটি একটি জায়গায় প্রকাশিত হয়ে গেলে বা প্রকাশের জন্য মনোনীত হলে অন্য জায়গা থেকে সেটি Cancel করে দিতে হবে।

সম্পাদকমন্ডলী (শুধুমাত্র বঙ্গবন্ধু ফাউন্ডেশন জার্নালের জন্য প্রযোজ্য) :

১.একেএম দাউদুর রহমান মীনা , ডেপুটি এটর্নি জেনারেল,বাংলাদেশ সুপ্রীম কোর্ট এবং সভাপতি, বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটি ।

২.অধ্যাপক অসীম সরকার , অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয় এবং সহ- সভাপতি, বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটি ।

৩.অধ্যাপক ড.জীনাত আরা, অধ্যাপক, রাজশাহী বিশ্ববিদ্যালয় এবং সহ- সভাপতি, বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটি ।

৪. সহযোগী অধ্যাপক ফারহানা আকতার, পরিচালক ও সহযোগী অধ্যাপক,ইন্টারন্যাশনাল রবীন্দ্র রিসার্চ ইনস্টিটিউট এবং সহ- সভাপতি, বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটি ।

৫. ক্যামিস্ট ড. মুঃ জাফর ইকবাল, বৈজ্ঞানিক কর্মকর্তা ও ক্যামিস্ট, বিসিআইসি/শিল্প মন্ত্রনালয় এবং জেনারেল সেক্রেটারী , বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটি ।

৬. সহকারী অধ্যাপক মরিয়ম ইসলাম লিজা, সহকারী অধ্যাপক, চট্রগ্রাম বিশ্ববিদ্যালয় এবং অর্গানাইজেশনাল সেক্রেটারী, বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটি।

বিশেষ দ্রষ্টব্য : আন্তর্জাতিক পরিমন্ডলে তথা বিশ্বের নামকরা বিশ্ববিদ্যালয়গুলোর বুদ্ধিজীবিমহল ও ছাত্র-ছাত্রীদের মাঝে সেমিনার, সিম্পোজিয়াম ও জার্নাল এর মাধ্যমে বঙ্গবন্ধু ও বাংলাদেশ কে তুলে ধরার লক্ষ্যে বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটি, ঢাকা বাংলাদেশ - বছরে দু'বার করে "বঙ্গবন্ধু ফাউন্ডেশন জার্নাল" প্রকাশের উদ্যোগ নিয়েছে । এরই ধারাবাহিকতায় এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "বঙ্গবন্ধু ফাউন্ডেশন জার্নাল" এ, 'বঙ্গবন্ধু ফাউন্ডেশন কেন্দ্রীয় কমিটি ' এর সভাপতি, সাধারন সম্পাদক এবং সম্পাদক মন্ডলীর অন্যান্য সকল সদস্যবৃন্দ যারা দেশের বিভিন্ন পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষকতার সঙ্গে জড়িত , তাদেরকে অবশ্যই অন্তত: পক্ষে একটি করে প্রবন্ধ অথবা নিজস্ব সাবজেক্টের উপর একটি রিসার্চ-পেপার গত ১৭ মার্চের নোটিশ অনুযায়ী আগামী ২৮ জুনের মধ্যে মেইল করতে হবে । একটি PDF-FORMAT এ এবং অপরটি MS-WORD-FORMAT এ । সকলের জন্য শুভকামনা।

Virus-free. www.avast.com

---

2 attachments

BANGABANDHU FOUNDATION JOURNAL.pdf
259K

DETAILED BIOGRAPHY OF FARHANA AKTER.pdf
811K